দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 6 MAR 1989
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫

## অনশনরত শিক্ষককে হাসপাতালে স্থানান্তর

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, দেওভোগ আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নের দাবীতে ১লা মার্চ হইতে অনশনরত প্রধান শিক্ষক সৈয়দ আলী আহম্মদকে হাসপাতালে ভর্তি করা হইয়াছে। দাবী না মানা পর্যন্ত শিক্ষক অনশন ভাঙ্গিতে রাজী নহেন।

গতকাল (শনিবার) সকালে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## অনশনরত শিক্ষক

(৩য় পৃঃ পর)

দেওভোগ আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা মিছিল সহকারে জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে গিয়া স্মারকলিপি প্রদান করে। ছাত্ররা অনশনরত শিক্ষকের জীবন রক্ষার্থে স্কুলের উন্নয়নের টাকা ফেরত দেওয়ার দাবী জানায়। মিছিলকারীরা ২৪ নং দেওভোগ পাকা রোড প্রাথমিক বিদ্যালয়ে ইটপাটকেল নিক্ষেপ করে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, আদর্শ স্কুলের প্রকৃত ছাত্রসংখ্যার চাইতে প্রায় তিনগুণ বেশী দেখানো হইয়াছে।